

# WE ARE YOUR DOL

NEW YORK  
STATE OF  
OPPORTUNITY  
Department  
of Labor

## খামারের কর্মীদের জন্য সুরক্ষা

আপনার জানা উচিত কর্মসংস্থান সম্পর্কিত কেন্দ্রীয় এবং রাজ্য আইন রয়েছে, যেটা আপনাকে সুরক্ষা দেয় যা গুরুত্বপূর্ণ।

### হাউজিং বা বাসভবন

আপনার কাজের অঙ্গ হিসাবে আপনি থাকার যে জায়গা পাবেন তা নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশের কিছু মানদণ্ড চলার মতো হওয়া আবশ্যিক। যদি আপনার নিয়োগকর্তা আপনাকে থাকার জায়গা দেয় এবং যদি আপনার মনে হয় সেটি নিরাপদ ও স্বাস্থ্যের পক্ষে উপকারিনয়, তাহলে নিকটবর্তী ইউএস শ্রম দপ্তরের (USDOL) ওয়েজ ও আওয়ার অফিসের সঙ্গে যোগাযোগ করে জানান কেন আপনার থাকার জায়গা নিরাপদ না থাকার কারণ ব্যাখ্যা করুন এদের টোল-ফ্রি নম্বর হলো **866-487-9243**। এছাড়াও আপনি NYS স্বাস্থ্য বিভাগ, কমিউনিটির পরিবেশগত স্বাস্থ্য ব্যুরো এবং খাদ্য সুরক্ষার টোল-ফ্রি নম্বর হলো **1-800-458-1158**, এক্সটেনশন **27600**।

### পে

যদি আপনি কোনও খামারে কাজ করেন, তাহলে আপনাকে একটি লিখিত কাজের চুক্তি নিতে হবে, যেখানে আপনি বুঝতে পারেন এমন ভাষায় আপনার কাজের শর্তাবলী বলা থাকবে। আপনার বেতন এবং আপনাকে সময় বা টুকরো অনুসারে পেমেন্ট করা হবে কিনা তা সম্পর্কে অবশ্যই বলা থাকবে। আপনার নিয়োগকর্তাকে অবশ্যই চুক্তি মেনে চলতে হবে এবং আপনার বেতন অবশ্যই ন্যূনতম মজুরি হতে হবে। 1 জানুয়ারী, 2020 থেকে কার্যকর হওয়া অতিরিক্ত সময় কাজ করার জন্য ক্যালেন্ডার সপ্তাহে 60 ঘন্টারও বেশি সময় ধরে কাজ করলে আপনাকে নিয়মিত হারের তুলনায় দেড়গুণ হারে (1 1/2 বার) বেতন আপনাকে দেওয়া হবে।

**ডিসেম্বর 31, 2021 থেকে ডিসেম্বর 30, 2022 পর্যন্ত**

**নিউ ইয়র্ক সিটি**

**\$15.00/ঘণ্টা**

**লং আইল্যান্ড এবং  
ওয়েস্টচেস্টার কাউন্টি**

**\$15.00/ঘণ্টা**

**নিউ ইয়র্ক স্টেটের অবশিষ্টাংশ**

**\$13.20/ঘণ্টা**

### বিশ্রামের দিন

1 জানুয়ারী, 2020 থেকে কার্যকর হওয়া আপনার প্রতি ক্যালেন্ডার সপ্তাহে কমপক্ষে একদিন (টানা 24 ঘন্টা) ছুটি পাওয়ার অধিকার রয়েছে। আপনি যদি ছুটির দিন নিজের ইচ্ছায় কাজ করেন তাহলে সেই দিনটা অতিরিক্ত সময় কাজ করার হিসাবে বেতন পাবেন।

এইসব ক্ষেত্রে নিকটবর্তী NYS শ্রম দপ্তর, শ্রম মানদণ্ড বিভাগের **888-469-7365** নম্বরে যোগাযোগ করুন:

- যদি আপনি কোনও লিখিত কাজের চুক্তি না পান
- আপনাকে দেয়া প্রতিশ্রুতি মতো বেতন পাচ্ছেন না
- আপনাকে ন্যূনতম মজুরির থেকে কম পেমেন্ট পাচ্ছেন
- আপনি অতিরিক্ত সময় কাজ করার বেতন পাননি
- ক্যালেন্ডার সপ্তাহের ছুটির দিন আপনি কাজ করতে অস্বীকার করেছেন বা আপনি আপনার নির্ধারিত ছুটির দিনে অতিরিক্ত সময় কাজ করার জন্য বেতন পাননি

### পরিবহন

যদি আপনি খামারের শ্রম ঠিকাদারের জন্য কাজ করেন যিনি আপনাকে কাজে নিয়ে যান ও বাড়ি পৌঁছে দেন, তাহলে সেক্ষেত্রে পরিবহনের জন্য ব্যবহৃত গাড়ি অবশ্যই ফেডেরাল বা স্টেটের নিরাপত্তা মানদণ্ড অনুসারে হতে হবে এবং ঠিকাদারের গাড়ির বিমা থাকা আবশ্যিক। যদি আপনার মনে হয় গাড়িটি নিরাপদ নয় তাহলে নিকটবর্তী USDOL ওয়েজ ও আওয়ার অফিসের সঙ্গে যোগাযোগ করুন। এদের টোল-ফ্রি নম্বর হলো **866-487-9243**।

### কাজের পরিবেশ

ফেডেরাল ও স্টেটের আইন অনুসারে কর্মচারীরা যেন স্বাস্থ্যকর পরিস্থিতিতে কাজ করে। যদি আপনার মনে হয় কাজের পরিবেশ নিরাপদ বা অস্বাস্থ্যকর তাহলে নিকটবর্তী USDOL ওয়েজ ও আওয়ার অফিসের সঙ্গে যোগাযোগ করুন। এদের টোল-ফ্রি নম্বর হলো **866-487-9243**।

## অন্যান্য সুরক্ষিত বিষয়

- আপনার কাছে কাজের জায়গায় আহত হওয়ার বিষয়টি জানানোর এবং শ্রমিকের ক্ষতিপূরণ কভারেজ পাওয়ার অধিকার রয়েছে
- যদি যোগ্য হন, তাহলে আপনার কাজের বাইরে আহত বা অসুস্থ হওয়ার জন্য ডিসঅ্যাবিলিটি বেনিফিট (DB), এবং আপনার প্রিয়জনের যত্ন এবং সাহায্যের জন্য পেইড ফ্যামিলি লিভ (PFL) বীমার কভারেজ পাওয়ার অধিকার আছে
- আপনার বেকারত্ব বীমা কভারেজ পাওয়ার অধিকার আছে (দ্রষ্টব্য: H-2A বিদেশী অতিথি শ্রমিকদের বেকারত্ব বীমা কভারেজ থেকে বাদ দেওয়া হয়েছে)
- কাজের উন্নত পরিস্থিতির জন্য আপনার কাছে শ্রমিক সংগঠন গঠন, যোগদান বা সাহায্য করার অধিকার রয়েছে; আপনার কাছে সমবেতভাবে চুক্তি করার অধিকার আছে

## অভিযোগ

এইসব ক্ষেত্রে NYS শ্রম দপ্তরে অভিযোগ করার অধিকার আপনার আছে:

- শ্রম দপ্তর আপনাকে যে নিয়োগকর্তার কাছে কাজ করতে পাঠিয়েছে সেখানে সমস্যা আছে
- স্টেটের শ্রম দপ্তর থেকে আপনি যে পরিষেবা পেয়েছেন সেখানে সমস্যা আছে

যদি আপনার অভিযোগ অন্য কিছু বিষয়ে হয়, তাহলে বিভাগীয় কর্মীরা সমস্যা সমাধানের জন্য সঠিক এজেন্সি খুঁজতে সাহায্য করবে। আপনার কাছে কাজের জায়গায় আহত হওয়ার বিষয়টি জানানোর এবং শ্রমিকের ক্ষতিপূরণ কভারেজ পাওয়ার অধিকার রয়েছে আপনার ফোন বুকের নীল পাতায় থাকা নিকটবর্তী NYS শ্রম দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন অথবা **888-469-7365**নম্বরে ফোন করুন।